গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
www.qclabdls.portal.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.১১৬.০৬.০০২.২২-৫৩ তারিখঃ ০৫/০৩/২০২৫ খ্রি.

**কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব), প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা এর ১২৫ তম ল্যাব মিটিং (কো-অর্ডিনেশন মিটিং) এর কার্যবিবরণী-**

**সভার স্থান** ঃ কনফারেন্স হল, কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**তারিখ** ঃ ০৫/০৩/২০২৫ খ্রিঃ
**সময়** ঃ সকাল ৯.৩০ ঘটিকা
**সভাপতি** ঃ সিনিয়র সায়েন্টিফিক অফিসার, কিউসি ল্যাব, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**উপস্থিত সদস্যবৃন্দ** ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | গবেষণাগার ব্যবস্থাপনা | **আলোচনাঃ** এসএসও ড. মোঃ আল-আমীন জানান যে, ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, গবেষণাগার হতে নমুনা পরীক্ষার রিপোর্ট প্রদানে বিলম্ব হচ্ছে। তাছাড়া রিপোর্টে নমুনার নাম ভুলভাবে আসছে বলে সেবাগ্রহীতাগন অভিযোগ করছেন। তিনি বলেন যে এ ধরণের অভিযোগ অত্র গবেষণাগারের জন্য লজ্জাজনক এবং অনাকাঙ্খিত। এ ব্যাপারে কোয়ালিটি ম্যানেজার ড. মোঃ জাহাঙ্গীর হোসেন ও নমুনা গ্রহণকারী সুমন কাজীকে আরো সতর্ক হওয়ার আহবান জানানো হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>১) নমুনা গ্রহণকারী সুমন কাজী আরও আন্তরিকভাবে ও সতর্কতার সাথে কাজ করবেন এবং কোয়ালিটি ম্যানেজার ড. মোঃ জাহাঙ্গীর হোসেন বিষয়টি তদারকি করবেন। | ১. ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, কোয়ালিটি ম্যানেজার<br>২. সুমন কাজী, নমুনা গ্রহণকারী |
| ২. | গবেষণাগার ব্যবস্থাপনা | **আলোচনাঃ** এসএসও জনাব মোঃ মোশারফ হোসেন, ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা, জানান যে নমুনা গ্রহণের পর প্রায়শই কোয়ালিটি ম্যানেজার কর্তৃক প্রোজেক্ট ভেরিফিকেশনে বিলম্ব হচ্ছে এবং ভেরিফিকেশন ছাড়াই নমুনা সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হচ্ছে। এর ফলে সংশ্লিষ্ট শাখায় নমুনা রিসিভ ছাড়াই পরীক্ষা সম্পন্ন হচ্ছে। এতে করে নমুনা গম্খহণ ও ফলাফল প্রদানের সময়ের ব্যবধানে বিভ্রাট হচ্ছে। এ বিষয়টি এড়ানোর জন্য প্রত্যেকটি প্রোজেক্ট যথাসময়ে কোয়ালিটি ম্যানেজার কর্তৃক ভেরিফাই হওয়া প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ**<br>১) কোয়ালিটি ম্যানেজার যথাসময়ে প্রত্যেকটি প্রোজেক্ট ভেরিফাই করবেন। | ১. ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, কোয়ালিটি ম্যানেজার |
| ৩. | ল্যাব এটেনডেন্ট এর শূণ্য পদ পূরণ | **আলোচনাঃ** এসএসও ড. মোঃ আল-আমীন জানান যে, ল্যাব এটেনডেন্ট এর শূণ্য পদে সেবাকর্মী সরবরাহকারী ঠিকাদারী প্রতিষ্ঠান MR Future Bangladesh (Pvt) Ltd., 15, Monipuripara, Sansad Avenue, Tejgaon, Dhaka-1215 জনাব সাকিল মিয়াকে নিয়োগ প্রদান করেছেন। এসএসও ড. মোঃ আল-আমীন মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখায় নমুনার চাপ বেশী থাকায় ও জনাব সাকিল মিয়ার পূর্ব অভিজ্ঞতা থাকায় তাকে উক্ত শাখায় নিয়োজিত করার প্রস্তাব করেন। তাঁর এ প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১. ড. মোঃ আল-আমীন, এসএসও<br>২. জনাব সাকিল মিয়া, ল্যাব এটেনডেন্ট, মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা। |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্তঃ**<br>১) পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জনাব সাকিল মিয়া, ল্যাব এটেনডেন্ট, মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখায় নিয়োজিত থাকবেন। | |
| ৪. | পিটি/আইএলসি নমুনা পরীক্ষা | **আলোচনাঃ** এসএসও ড. মোঃ আল-আমীন জানান যে, পিটি/আইএলসি নমুনা লিমস্ সফটওয়্যারে লগিং ছাড়াই পরীক্ষা করা হচ্ছে। এ ধরণের নমুনা পরীক্ষার রেকর্ড সংরক্ষনের জন্য লিমস্ সফটওয়্যারে লগিং করা অত্যন্ত জরুরী।<br>**সিদ্ধান্তঃ**<br>১) পিটি/আইএলসি নমুনা পরীক্ষার রেকর্ড সংরক্ষনের জন্য অবশ্যই লিমস্ সফটওয়্যারে লগিং করতে হবে। | ১. সকল কর্মকর্তা, অত্র দপ্তর। |
| ৫. | নমুনায় ভারী ধাতু পরীক্ষা | **আলোচনাঃ** এসএসও ড. মোঃ আল-আমীন জানান যে, গবেষণাগারে প্রায় সকল পরীক্ষা সম্পন্ন করার জন্য বিকল্প বিজ্ঞানী আছেন কিন্তু নমুনায় ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় একমাত্র ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার এসএসও জনাব মোঃ মোশারফ হোসেন সম্পন্ন করে থাকেন এবং এর জন্য কোন বিকল্প বিজ্ঞানী নেই। বিষয়টি গবেষণাগারের জন্য খুবই ঝুঁকিপূর্ণ বিধায় সংশ্লিষ্ট শাখার অন্যান্য বিজ্ঞানী ও গবেষণাগারের অন্য যে কোন আগ্রহী বিজ্ঞানীগনকে ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার ২টি এএএস মেশিন দ্বারা নমুনায় ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় পদ্ধতি শেখানো জরুরী।<br>**সিদ্ধান্তঃ**<br>১) ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখার এসএসও জনাব মোঃ মোশারফ হোসেন অনতিবিলম্বে শাখার অন্যান্য বিজ্ঞানী ও গবেষণাগারের আগ্রহী বিজ্ঞানীগনকে ২টি এএএস মেশিন দ্বারা নমুনায় ভারী ধাতুর উপস্থিতি নির্ণয় পদ্ধতি শেখানোর ব্যবস্থা গ্রহণ করবেন। | ১) জনাব মোঃ মোশারফ হোসেন, এসএসও, ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>২) জনাব অনামিকা রায়, এসএসও, ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা |
| ৬. | পরিচ্ছন্নতাকর্মী সাথী খাতুনের বিরুদ্ধে ৮ম শ্রেণী পাশের সনদ জালিয়াতীর অভিযোগ। | **আলোচনাঃ** এসএসও ড. মোঃ আল-আমীন জানান যে, অত্র গবেষণাগারে আইটসোর্সিং এর মাধ্যমে সেবাকর্মী সরবরাহকারী ঠিকাদারী প্রতিষ্ঠান MR Future Bangladesh (Pvt) Ltd., 15, Monipuripara, Sansad Avenue, Tejgaon, Dhaka-1215 পরিচ্ছন্নতাকর্মী সাথী খাতুনের বিরুদ্ধে ৮ম শ্রেণী পাশের সনদ জালিয়াতীর অভিযোগ এনেছেন। উক্ত বিষয়টি বিশদভাবে ও নিরপেক্ষভাবে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য একটি তদন্ত কমিটি গঠন করা প্রয়োজন।<br>**সিদ্ধান্তঃ**<br>১) সর্বসম্মতিক্রমে নিম্নেবর্ণিত ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়-<br>১. ডাঃ মারুফা আক্তার-সভাপতি<br>২. ডাঃ মোঃ নাজমুল হোসেন-সদস্য<br>৩. জনাব মোঃ রেজওয়ানুল হায়দার-সদস্য সচিব | ১. ড. মোঃ আল-আমীন, এসএসও |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৩/২০২৫

(ড. মোঃ আল-আমীন)
সিনিয়র সায়েন্টিফিক অফিসার
কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা ।

**অনুলিপি-**

১-২২. সকল কর্মকর্তা ও কর্মচারী । জ্ঞাতার্থে ও কার্যার্থে।
২৩. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**www.qclabdls.portal.gov.bd**

**পরিশিষ্ট 'ক'ঃ কো-অর্ডিনেশন মিটিং এ উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ**

সভার স্থানঃ কনফারেন্স হল, কিউসি ল্যাব — তারিখঃ ০৫/০৩/২০২৫ খ্রি.
সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | ড. মোঃ জাহাঙ্গীর হোসেন | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীভ/রিজার্ভ) ডিএলএস, ঢাকা। সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ২. | জনাব মোঃ মোশারফ হোসেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৩. | ডাঃ এস এম শরিফুল ইসলাম | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৪. | ডাঃ মারুফা আক্তার | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৫. | জনাব অনামিকা রায় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, (লীভ/রিজার্ভ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৬. | ডাঃ মোঃ নাজমুল হোসেন | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লিভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ) সংযুক্তিঃ কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৭. | জনাব মোঃ রেজওয়ানুল হায়দার | বৈজ্ঞানিক কর্মকর্তা কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি ফর লাইভস্টক এন্ড লাইভস্টক প্রোডাক্টস (কিউসি ল্যাব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকা-১৩৪৩ ।
**www.qclabdls.portal.gov.bd**

**পরিশিষ্ট 'ক'ঃ কো-অর্ডিনেশন মিটিং এ উপস্থিত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ**

সভার স্থানঃ কনফারেন্স হল, কিউসি ল্যাব — তারিখঃ ০৫/০৩/২০২৫ খ্রি.
সময়ঃ সকাল ৯.৩০ ঘটিকা

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৮. | মাহমুদা আক্তার | উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ৯. | মোঃ সুমন কাজী | পাম্প ও জেনারেটর অপারেটর<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১০. | এরশাদুর রহমান | ল্যাব এটেনডেন্ট<br>ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১১. | বাবলু | ল্যাব এটেনডেন্ট<br>ফিড কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১২. | মোঃ তরিকুল ইসলাম | ল্যাব এটেনডেন্ট<br>রেসিডিউ এন্ড বায়োলজিক্স শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৩. | ডলি খানম | ল্যাব এটেনডেন্ট<br>প্রোডাক্ট কোয়ালিটি কন্ট্রোল শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৪. | পলাশ চন্দ্র দাস | ল্যাব এটেনডেন্ট<br>মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৫. | সাকিল মিয়া | ল্যাব এটেনডেন্ট<br>মাইক্রোবিয়াল ফুড সেফটি শাখা<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৬. | মোঃ জিয়ারুল ইসলাম | সহঃ ইলেকট্রিশিয়ান<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৭. | ইস্রাফিল খান | গহঃ গার্ডেনার<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৮. | মোঃ মামুনুর রশীদ | নিরাপত্তা কর্মী<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |
| ১৯. | জনাব এশার আলী | নিরাপত্তা কর্মী<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | |

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২০. | **চন্দনা** | পরিচ্ছন্নতা কর্মী<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | চন্দনা |
| ২১. | **সাথী খাতুন** | পরিচ্ছন্নতা কর্মী<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | সাথী |
| ২২. | **মোঃ কামাল হোসেন** | ড্রাইভার<br>কিউসি ল্যাব, ডিএলএস, সাভার, ঢাকা। | [signature] |

[signature]